

ফি নির্ধারিত সীমার মধ্যে রাখতে হবে : শিক্ষামন্ত্রী



নিজস্ব প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের বাস্তবতা ও জনগণের আর্থ-

সামাজিক অবস্থা বিবেচনা করে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের ভর্তি এবং টিউশন ফি নির্ধারিত সীমার মধ্যে রাখতে হবে। ইউনাইটেড ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তনে গতকাল বক্তব্য প্রদানকালে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। সমাবর্তন বক্তা জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যাৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস। বক্তব্য দেন ইউনিভার্সিটির চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মফিজুর রহমান।